

**মাদ্রাসা শিক্ষা বোর্ড চেয়ারম্যানের অভিমত  
নারীদের প্রকৃত সুশিক্ষিত করতে  
হলে প্রতিটি গ্রামে একটি করে  
মহিলা মাদ্রাসা দরকার**

প্রেস বিজ্ঞপ্তি : জাতীয় মহিলা মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মাওলানা শাইখ আব্দুল মালেক হালীম দেশের প্রতিটি গ্রামে একটি করে আদর্শ মহিলা মাদ্রাসা স্থাপনের উপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, নারী জাতিকে প্রকৃত সুশিক্ষায় শিক্ষিত করতে এর কোন বিকল্প নেই। গত ২১ জানুয়ারী ঢাকার উত্তরাস্থ রানা ভোলা মহিলা মাদ্রাসা মিলনায়তনে আয়োজিত এক প্রতিনিধি সমাবেশে বক্তব্য রাখছিলেন।

মহিলাদের ইসলামী শিক্ষার উন্নয়ন তথা যুগোপযোগী শিক্ষা ব্যবস্থার সমন্বয়ে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা কায়ম করার দাবীতে আয়োজিত এক প্রতিনিধি সভায় বলা হয়, পাশ্চাত্য শিক্ষা এদেশের ভবিষ্যৎ ছেলেমেয়েদের নৈতিক অবক্ষয়ের দিকে ঠেলে দিচ্ছে। সভায় বক্তব্য রাখেন বৃহত্তর জেলাসমূহের মাদ্রাসা প্রতিনিধিগণ।

সভায় গৃহীত এক প্রস্তাবে মেয়েদের জন্য পৃথক মুয়াল্লিম প্রশিক্ষণ সেন্টার স্থাপন, একই পদ্ধতির সিলেবাস ও পাঠ্যপুস্তক প্রণয়ন এবং শিক্ষিকা কল্যাণ ট্রাস্ট গঠনের দাবী জানানো হয়।